২০২৪

# বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-201

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (দ্বিতীয় ভাগ)

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন শিক্ষকের নাম লেখো এবং তাঁদের রচিত একটি করে গ্রন্থের নাম লেখো।

খ) 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

গ) উক্ত গ্রন্থগুলির রচয়িতার নাম লেখো — 'প্রভাবতী সম্ভাষণ', 'আলালের ঘরের দুলাল', 'কৃষ্ণচরিত্র', 'সাম্য', 'বিবর'।

ঘ) 'বিদ্রোহী' কবিতাটির রচয়িতার নাম কী? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

ঙ) সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার একটি বৈশিষ্ট্য লেখো।

চ) 'রক্তকরবী' নাটকটির রচয়িতার নাম কী? এই নাটকের চারটি চরিত্রের নাম লেখো।

ছ) গিরিশচন্দ্র ঘোষের একটি পৌরাণিক ও একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

জ) আশাপূর্ণা দেবী রচিত ট্রিলজিগুলি কালানুক্রমানুসারে উল্লেখ করো।

[পরের পাতায়]

ঝ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাংলা ভাষায় রচিত প্রথম উপন্যাস কোন্‌টি? কত সালে এটি প্রকাশিত হয়?

ঞ) উল্লিখিত চরিত্রগুলি কোন্ গল্পের? গল্পকারের নামসহ লেখো।
১) কালীকিঙ্কর, ২) রাইচরণ।

ট) ছদ্মনামে রচিত রাজশেখর বসুর দুটি গল্পের নাম লেখো।

ঠ) রাঢ়ী উপভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

ড) বর্ণাগম কাকে বলে?

ঢ) মান্য চলিত বাংলা কাকে বলা হয়?

ণ) একটি তদ্ভব ও একটি তৎসম শব্দের উদাহরণ দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'বিদ্যাসাগর বাংলাভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন' — রবীন্দ্রনাথ ঠাকুরের এ মন্তব্যের তাৎপর্য সংক্ষেপে লেখো।

খ) বাংলা নাটকে বিজন ভট্টাচার্যের কৃতিত্ব মূল্যায়ন করো।

গ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ ঠাকুরের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ) বাংলা সাহিত্যে 'কল্লোল' পত্রিকার গুরুত্ব নিজের ভাষায় লেখো।

ঙ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় একজন নিপুণ ছোটোগল্প লেখক — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

চ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো **দুটি**) :
অর্থবিস্তার, অভিশ্রুতি, অপিনিহিতি, স্বরলোপ, অর্থসঙ্কোচ।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা গীতিকবিতার ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর ভূমিকার গুরুত্ব লেখো।

খ) বাংলা নাট্য রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব নিরূপণ করো।

গ) বাংলা উপন্যাসের ধারায় আশাপূর্ণা দেবীর গুরুত্ব বিশ্লেষণ করো।

ঘ) বাংলা শব্দভাণ্ডারের বিভিন্ন শব্দ সম্পর্কে উদাহরণ সহযোগে লেখো।

———————